অর্থের যোগান বলতে জনসাধারণের হাতে অর্থের পরিমাণকে বোঝায়। এখানে জনসাধারণ বলতে সরকার ও ব্যাঙ্ক ব্যবস্থা ব্যতীত প্রতিটি অর্থনৈতিক একককে বোঝায়। সরকার এবং ব্যাঙ্ক ব্যবস্থাকে জনসাধারণের মধ্যে অন্তর্ভুক্ত করা হয় না কারণ এরাই হল অর্থের যোগানদাতা। ভারতের রিজার্ভ ব্যাঙ্ক ও অন্যান্য বাণিজ্যিক ব্যাঙ্ক নিয়ে দেশের ব্যাঙ্ক ব্যবস্থা গঠিত।

অর্থের যোগান বোঝানোর জন্য এপ্রিল 1977 থেকে ভারতের রিজার্ভ ব্যাঙ্ক চারটি পরিমাপক গ্রহণ করেছে। এগুলি $M_1$, $M_2$, $M_3$ এবং $M_4$ এই চারটি সংকেতের মাধ্যমে প্রকাশ করা হয়। $M_1$ এর সংজ্ঞা হল $M_1 = C + DD + OD$ যেখানে $C$ হল জনসাধারণের হাতে কাগজি নোট ও ধাতব মুদ্রার পরিমাণ, $DD$ হল ব্যাঙ্কগুলির কাছে চাহিদা আমানত এবং $OD$ হল রিজার্ভ ব্যাঙ্কের কাছে অন্যান্য আমানত। এখানে উল্লেখ করা যেতে পারে যে $DD$ বা চাহিদা আমানতের মধ্যে সঞ্চয় আমানতের যে অংশটিকে চেক কেটে তোলা যায় তাকেও ধরা হয়েছে। $M_2$ হল $M_1$ এবং ডাকঘর সঞ্চয় ব্যাঙ্কের আমানতের যোগফল। আবার $M_3$ হল

$M_1$ এবং বাণিজ্যিক ব্যাঙ্কের মেয়াদি আমানতের যোগফল। সবশেষে $M_3$ এবং পোস্ট অফিসের মোট আমানত (*NSC* বাদে) যোগ করলে $M_4$ পাওয়া যায়। সংকীর্ণ অর্থে, অর্থের যোগান বলতে $M_1$-কেই বোঝান হয় আর ব্যাপক অর্থে অর্থের যোগান বলতে $M_4$ কে বোঝান হয়।

সম্প্রতি রিজার্ভ ব্যাঙ্ক অর্থের যোগানের নতুন তিনটি পরিমাপক ঘোষণা করেছে। এগুলিকে $M_1$(New), $M_2$ (new) এবং $M_3$ (New) এই সংকেত দ্বারা চিহ্নিত করা যেতে পারে। এর মধ্যে $M_1$ (New) = $M_1$ (old). $M_2$ (New) = $M_1$ (New) + সঞ্চয় আমানতের মেয়াদি দায় + ব্যাঙ্কের ইস্যু করা আমানত শংসাপত্রের মূল্য + এক বছরের মধ্যে মেয়াদ পূর্ণ হবে এমন মেয়াদি আমানত। $M_3$ (New) = $M_2$ (New) + এক বছরের বেশি সময়ের মেয়াদি আমানত + ব্যাঙ্ক কর্তৃক গৃহীত তলবি / মেয়াদি ঋণের পরিমাণ।

লক্ষ করার এই যে ডাকঘর সঞ্চয় ব্যাঙ্কের আমানতকে পুরানো $M_2$-এ অন্তর্ভুক্ত করা হলেও নতুন $M_2$ বা $M_3$-তে তা অন্তর্ভুক্ত হয়নি। তাছাড়া পুরানো $M_4$ পরিমাপকটিকে এখন বাদ দেওয়া হয়েছে।